Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.

Q.B. Sl. No. : 3007928

# ENVIRONMENTAL STUDIES

QUESTION BOOKLET SERIES: **C**

## SEMESTER-III

## 2027

SUBJECT CODE NO. **2 6**

Total Time : 1 Hour 30 Minutes ] [ Total Marks : 40

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি / Multiple Choice Questions / बहुविकल्पीय प्रश्न**

**পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি / INSTRUCTIONS TO CANDIDATES / परीक्षार्थियों के लिये निर्देश :**

1. OMR উত্তরপত্র পূরণ করার পূর্বে 2 নং পৃষ্ঠায় প্রদত্ত সকল নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়বে এবং ঐ অনুযায়ী কাজ করবে।

   Before filling the OMR Answer Sheet, read the instructions provided on Page 2 carefully and act accordingly.

   OMR उत्तर पत्रक को भरने के पहले इसके पृष्ठ 2 पर प्रदत्त सभी निर्देशों को ध्यानपूर्वक पढ़ें तथा उसके अनुसार कार्य करें।

2. উত্তর দেওয়ার পূর্বে OMR উত্তরপত্রে 1 নং পৃষ্ঠায় প্রদত্ত ক্রমিক সংখ্যা 1 থেকে 6 সতর্কভাবে পূরণ করবে (**1.** রেজিস্ট্রেশন নং, **2.** রোল নং, **3.** বিষয় কোড নং, **4.** প্রশ্ন পুস্তিকা সিরিজ, **5.** বিষয় এবং **6.** পরীক্ষার্থীর পূর্ণ স্বাক্ষর) এবং OMR উত্তরপত্রের শীর্ষে প্রদত্ত স্থানে প্রশ্ন-পুস্তিকা ক্রমসংখ্যা অবশ্যই পূরণ করবে। অন্যথায় OMR উত্তরপত্রের মূল্যায়ন হবে না এবং এর জন্য পরীক্ষার্থী সম্পূর্ণরূপে দায়ী থাকবে। **ক্রমিক সংখ্যা 7 এবং 8 কেবলমাত্র ইনভিজিলেটর পূরণ করবে।**

   Before answering fill in the Sl. Nos. from 1 to 6 given on Page 1 of the OMR Answer Sheet very carefully (**1.** Registration No., **2.** Roll No., **3.** Subject Code No., **4.** Question Booklet Series, **5.** Subject and **6.** Full Signature of the candidate), including the Question Booklet Serial No. ( Q. B. Sl. No. ) at the designated space at the top of the OMR Answer Sheet failing which, the OMR Answer Sheet will not be evaluated and the sole responsibility will go to the candidate. **Sl. Nos. 7 and 8 will be filled by the Invigilator only.**

   उत्तर देने से पहले OMR उत्तर पत्रक के पृष्ठ 1 पर प्रदत्त क्रम संख्या 1 से 6 तक सभी प्रविष्टियाँ (**1.** रजिस्ट्रेशन नं०, **2.** रोल नं०, **3.** विषय कोड नं०, **4.** प्रश्न पुस्तिका सिरीज, **5.** विषय तथा **6.** परीक्षार्थी का पूर्ण हस्ताक्षर) ध्यानपूर्वक पूर्ण करें तथा OMR उत्तर पत्रक के ऊपर में दिये स्थान पर प्रश्न पुस्तिका क्रम संख्या अवश्य भरें। ऐसा नहीं करने पर OMR उत्तर पत्रक का मूल्यांकन नहीं होगा तथा इसका उत्तरदायित्व पूर्ण रूप से परीक्षार्थी का होगा। **क्रम संख्या 7 तथा 8 की पूर्ति केवल वीक्षक ही करेंगे।**

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
|---|---|---|
| বাংলা/Bengali/बांग्ला | 3 | 16 |
| ইংরাজী/English/अंग्रेजी | 17 | 30 |
| হিন্দী/Hindi /हिन्दी | 31 | 42 |

**এই প্রশ্নপুস্তিকার পৃষ্ঠা সংখ্যা 2 এবং 44-এ মুদ্রিত অবশিষ্ট নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ো।**
**Read the rest of the instructions carefully printed on Page Nos. 2 and 44 of this Question Booklet.**
**इस प्रश्न पुस्तिका की पृष्ठ संख्या 2 एवं 44 पर मुद्रित शेष निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।**

ENVS.26.C-6003



edutips.in | মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now | GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.

**ENVS**

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে OMR উত্তরপত্রে উত্তর দাও।

1. স্তম্ভ-I এর সাথে স্তম্ভ-II মিলিয়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

| স্তম্ভ-I | স্তম্ভ-II |
|---|---|
| (i) মরুভূমির বাস্তুতন্ত্র | (a) ফাইটোপ্ল্যাংকটন ও বৃহৎ সামুদ্রিক মাছ |
| (ii) সামুদ্রিক বাস্তুতন্ত্র | (b) ক্যাকটাস ও উট |
| (iii) তৃণভূমির বাস্তুতন্ত্র | (c) ম্যানগ্রোভ ও মাডস্কিপার |
| (iv) মোহানা বাস্তুতন্ত্র | (d) ঘাস ও চারণকারী স্তন্যপায়ী |

**বিকল্পসমূহ :**

(A) (i) - (a), (ii) - (b), (iii) - (c), (iv) - (d)

(B) (i) - (b), (ii) - (a), (iii) - (d), (iv) - (c)

(C) (i) - (d), (ii) - (c), (iii) - (b), (iv) - (a)

(D) (i) - (c), (ii) - (d), (iii) - (a), (iv) - (b)

2. নিম্নলিখিত জীবগুলিকে সঠিক সামুদ্রিক খাদ্যশৃঙ্খল ক্রমে সাজাও :

(a) হাঙর (b) ছোট মাছ (c) ফাইটোপ্ল্যাংকটন (d) জুপ্ল্যাংকটন

**বিকল্পসমূহ :**

(A) (c) → (d) → (b) → (a) (B) (d) → (c) → (a) → (b)

(C) (c) → (b) → (d) → (a) (D) (a) → (b) → (d) → (c)



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.

ENVS

3. দীর্ঘ সময় ধরে জীবাশ্ম জ্বালানি তৈরির সঠিক ক্রম কোন্‌টি ?

(A) মৃত জৈব পদার্থ → মাটির নীচে চাপা পড়া → তাপ ও চাপ → জীবাশ্ম জ্বালানি

(B) জীবাশ্ম জ্বালানি → তাপ ও চাপ → মাটির নিচে চাপা পড়া → মৃত জীব

(C) বায়ুমণ্ডলীয় $CO_2$ → দহন → মৃত পদার্থ → জীবাশ্ম জ্বালানি

(D) মৃত জীব → সালোকসংশ্লেষ → বায়ুমণ্ডলীয় $CO_2$ → জীবাশ্ম জ্বালানি

4. কোন্‌ ভেনচিত্রটি বাস্তুতন্ত্র, প্রাকৃতিক বাস্তুতন্ত্র, কৃত্রিম বাস্তুতন্ত্র ও জলজ বাস্তুতন্ত্রের মধ্যে সম্পর্ক নির্দেশ করছে ?

(A) 

(B) 

(C) 

(D) 

5. নীচের বিবৃতি দুটি বিবেচনা করে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি-I : ভোক্তারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উৎপাদকদের থেকে শক্তি পায়।

বিবৃতি-II : তৃণভোজীরা উদ্ভিদ খায় বলে তারা দ্বিতীয় স্তরের ভোক্তা।

**বিকল্পসমূহ :**

(A) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই সঠিক

(B) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই ভুল

(C) বিবৃতি I সঠিক, কিন্তু বিবৃতি II ভুল

(D) বিবৃতি I ভুল, কিন্তু বিবৃতি II সঠিক



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



6. কোন্ সমন্বয়টি ভারতের মেগাডাইভার্সিটি মর্যাদাকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে ?

(A) একরূপ উদ্ভিদ বিন্যাস ও কম জলবায়ুগত বৈচিত্র্য

(B) বৃহৎ জনসংখ্যা, বিস্তৃত শহর ও শিল্প

(C) উচ্চ প্রজাতি সমৃদ্ধি, বহুস্থানিক প্রজাতি ও বৈচিত্র্যময় বাস্তুতন্ত্র

(D) বৃহৎ অঞ্চলে ছড়িয়ে থাকা অল্পসংখ্যক প্রজাতি

7. বিশ্বে বিপন্ন প্রজাতির রেড লিস্ট রক্ষণাবেক্ষণের জন্য দায়ী সংস্থাটি হলো

(A) UNEP (B) WWF

(C) IUCN (D) FAO

8. স্তম্ভ-I এর সাথে স্তম্ভ-II মিলিয়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

| স্তম্ভ-I | স্তম্ভ-II |
|---|---|
| (i) জাতীয় উদ্যান | (a) সুস্থায়ী মানবীয় কার্যকলাপসহ সংরক্ষণ |
| (ii) বন্যপ্রাণী অভয়ারণ্য | (b) সমগ্র বাস্তুতন্ত্রের কঠোর সুরক্ষা |
| (iii) জীবমণ্ডল সংরক্ষণ ক্ষেত্র | (c) প্রধানত বন্যপ্রাণী ও আবাসস্থলের সুরক্ষা |
| (iv) পবিত্র বনখণ্ড | (d) সম্প্রদায়–সুরক্ষিত বনভূমির অংশ |

**বিকল্পসমূহ :**

(A) (i) - (c), (ii) - (b), (iii) - (d), (iv) - (a)

(B) (i) - (b), (ii) - (c), (iii) - (a), (iv) - (d)

(C) (i) - (a), (ii) - (d), (iii) - (b), (iv) - (c)

(D) (i) - (d), (ii) - (a), (iii) - (c), (iv) - (b)



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

ENVS

9. আবাসস্থল ধ্বংস কীভাবে বিলুপ্তির ঝুঁকি বাড়ায়, তা দেখানোর সঠিক ক্রমটি নির্বাচন করো :

(A) জনগোষ্ঠীর বিচ্ছিন্নতা → আবাসস্থল ধ্বংস → বিলুপ্তির ঝুঁকি → আবাসস্থলের খণ্ডীকরণ

(B) আবাসস্থল ধ্বংস → আবাসস্থলের খণ্ডীকরণ → জনগোষ্ঠীর বিচ্ছিন্নতা → বিলুপ্তির ঝুঁকি

(C) আবাসস্থলের খণ্ডীকরণ → বিলুপ্তির ঝুঁকি → আবাসস্থল ধ্বংস → জনগোষ্ঠীর বিচ্ছিন্নতা

(D) বিলুপ্তির ঝুঁকি → জনগোষ্ঠীর বিচ্ছিন্নতা → আবাসস্থলের খণ্ডীকরণ → আবাসস্থল ধ্বংস

10. নীচের বিবৃতি দুটি বিবেচনা করে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি I : কোনো 'কী-স্টোন' প্রজাতি হারিয়ে গেলে সমগ্র বাস্তুতন্ত্রের ভারসাম্য ব্যাহত হতে পারে।

বিবৃতি II : কোনো 'কী-স্টোন' প্রজাতির প্রাচুর্যের তুলনায় তার বাস্তুসংস্থানিক প্রভাব অনেক বেশি হতে পারে।

**বিকল্পসমূহ :**

(A) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই সঠিক

(B) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই ভুল

(C) বিবৃতি I সঠিক, কিন্তু বিবৃতি II ভুল

(D) বিবৃতি I ভুল, কিন্তু বিবৃতি II সঠিক



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



11. বৈশিষ্ট্যপূর্ণ উদ্ভিদ, প্রাণী ও পরিবেশগত অবস্থাসম্পন্ন একটি বৃহৎ ভৌগোলিক অঞ্চলকে বলা হয়

(A) ইকোজোন
(B) অঙ্গতন্ত্র
(C) খাদ্য শৃঙ্খল
(D) জনগোষ্ঠী

12. নীচের কোন্ জোড়টি সঠিক ?

(A) মেগা–ইকোসিস্টেম — পুকুর
(B) ম্যাক্রো–ইকোসিস্টেম — সমুদ্র
(C) ন্যানো–ইকোসিস্টেম — জলবিন্দু
(D) মাইক্রো–ইকোসিস্টেম — অরণ্য

13. কোন্ বায়োমে পাইন, ফার ও স্প্রুসের মতো শঙ্কুবাহী বৃক্ষ দেখা যায় ?

(A) ক্রান্তীয় বর্ষা বন
(B) সাভানা
(C) টাইগা / তৈগা
(D) মরুভূমি

14. পুকুরের বাস্তুতন্ত্রে খাদ্যশৃঙ্খলের প্রাথমিক উপাদান কী ?

(A) জুপ্ল্যাংকটন
(B) নেকটন
(C) বেনথস
(D) ফাইটোপ্ল্যাঙ্কটন



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



15. ম্যানগ্রোভ বন সাধারণত কোন্ বাস্তুতন্ত্রের সঙ্গে যুক্ত ?

(A) মরুভূমির বাস্তুতন্ত্র
(B) মোহানা বাস্তুতন্ত্র
(C) তৃণভূমির বাস্তুতন্ত্র
(D) পার্বত্য বাস্তুতন্ত্র

16. ট্রোপোস্ফিয়ার ও থার্মোস্ফিয়ার কার অন্তর্গত ?

(A) অ্যাটমোস্ফিয়ার
(B) লিথোস্ফিয়ার
(C) হাইড্রোস্ফিয়ার
(D) বায়োস্ফিয়ার

17. নীচের বিবৃতি দুটি বিবেচনা করে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি-I : শক্তির পিরামিড সর্বদা সোজা হয়।

বিবৃতি-II : পুকুরের বাস্তুতন্ত্রে জীবভরের পিরামিড সাধারণত উল্টো হয়।

**বিকল্পসমূহ :**

(A) বিবৃতি I সঠিক
(B) বিবৃতি II সঠিক
(C) বিবৃতি I এবং II উভয়ই সঠিক
(D) বিবৃতি I এবং II কোনোটিই সঠিক নয়



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



18. নীচের বিবৃতি (A) ও কারণ (R) পড়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি (A) : বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ একমুখী।

কারণ (R) : স্বভোজী দ্বারা সংগৃহীত শক্তি সৌর উৎসে ফিরে যায় না এবং তৃণভোজীদের কাছে স্থানান্তরিত হয়।

**বিকল্পসমূহ :**

(A) (A) এবং (R) উভয়ই সত্য এবং (R) হলো (A)-এর সঠিক ব্যাখ্যা

(B) (A) এবং (R) উভয়ই সত্য, কিন্তু (R), (A)-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) (A) সত্য, কিন্তু (R) মিথ্যা

(D) (A) এবং (R) উভয়ই মিথ্যা

19. বৃহৎ পরিসরে অরণ্য নিধন প্রধানত বায়ুমণ্ডলীয় কার্বন ডাইঅক্সাইড বাড়াতে পারে, কারণ এটি

(A) নাইট্রোজেন সংবন্ধন বাড়ায়

(B) উদ্ভিদের দ্বারা কার্বন ডাইঅক্সাইড শোষণ কমায়

(C) মহাসাগরের অক্সিজেন ব্যবহার বাড়ায়

(D) জৈব পদার্থের বিয়োজন বন্ধ করে

20. নাইট্রিফিকেশনের সময় অ্যামোনিয়া প্রথমে প্রধানত .......... দ্বারা নাইট্রাইটে রূপান্তরিত হয়।

(A) নাইট্রোব্যাক্টর

(B) রাইজোবিয়াম

(C) নাইট্রোসোমোনাস

(D) সিউডোমোনাস



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



21. নীচের বিবৃতি দুটি বিবেচনা করে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি I : বৈজ্ঞানিকভাবে পরিচালিত হলে, বন্দী প্রজনন কিছু বিপন্ন প্রজাতির পুনরুদ্ধারে সহায়তা করতে পারে।

বিবৃতি II : বন্দী প্রজনন সবসময় কোনো প্রজাতির প্রাকৃতিক আবাসস্থল রক্ষার প্রয়োজনীয়তা দূর করে।

**বিকল্পসমূহ :**

(A) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই সঠিক

(B) বিবৃতি I এবং বিবৃতি II উভয়ই ভুল

(C) বিবৃতি I সঠিক, কিন্তু বিবৃতি II ভুল

(D) বিবৃতি I ভুল, কিন্তু বিবৃতি II সঠিক

22. নিম্নলিখিত প্রশ্নে বিবৃতি (A) ও কারণ (R) দেওয়া হয়েছে। বিবৃতিটি পড়ে সঠিক বিকল্পটি নির্বাচন করো :

বিবৃতি (A) : কোনো প্রজাতির বন্য জনগোষ্ঠী অত্যন্ত কমে গেলে এক্স-সিটু সংরক্ষণ তার তাৎক্ষণিক বিলুপ্তি প্রতিরোধে সহায়তা করতে পারে।

কারণ (R) : এক্স-সিটু কেন্দ্রগুলি সবসময় বন্য আবাসস্থলের প্রাকৃতিক নির্বাচনী চাপ ও বাস্তুসংস্থানিক অবস্থার পুনরুৎপাদন করে।

**বিকল্পসমূহ :**

(A) (A) এবং (R) উভয়ই সত্য এবং (R), (A)-এর সঠিক ব্যাখ্যা

(B) (A) এবং (R) উভয়ই সত্য, কিন্তু (R), (A)-এর সঠিক ব্যাখ্যা নয়

(C) (A) সত্য, কিন্তু (R) মিথ্যা

(D) (A) মিথ্যা, কিন্তু (R) সত্য



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



23. ভারতবর্ষে নিম্নলিখিতগুলির কোনটির মধ্যে সর্বাধিক জিনগত বৈচিত্র্য আছে ?

(A) আলু

(B) চা

(C) আম

(D) সেগুন

24.




নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলিকে সঠিক অঞ্চলে বসাও এবং সঠিক বিকল্পটি নির্বাচন করো :

(i) প্রাকৃতিক আবাসস্থলের মধ্যে সংরক্ষণ

(ii) বিপন্ন প্রজাতির সুরক্ষা

(iii) গ্যামেটের ক্রায়োসংরক্ষণ

(iv) বন্যপ্রাণী অনিয়ন্ত্রিত শিকার

**বিকল্পসমূহ :**

(A) (i) - I, (ii) - II, (iii) - III, (iv) - IV

(B) (i) - II, (ii) - I, (iii) - IV, (iv) - III

(C) (i) - III, (ii) - II, (iii) - I, (iv) - IV

(D) (i) - I, (ii) - III, (iii) - II, (iv) - IV



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



25. ভুট্টার বিজ্ঞানসম্মত নাম কী ?

(A) হরডিয়াম ভালগার ( *Hordeum vulgare* )

(B) ওরাইজা স্যাটিভা ( *Oryza sativa* )

(C) আভিনা স্যাটিভা ( *Avena sativa* )

(D) জিয়া মেইজ ( *Zea mays* )

26. স্তম্ভ-I এর সাথে স্তম্ভ-II মিলিয়ে সঠিক বিকল্পটি বেছে নাও :

| স্তম্ভ I | স্তম্ভ II |
|---|---|
| (a) অটইকোলজি | (i) বাস্তুতন্ত্রে কোনো জীবের অবস্থান ও ভূমিকা |
| (b) 10 শতাংশ সূত্র | (ii) খাঁড়ি ও হিমবাহ |
| (c) ভূ–দৃশ্য | (iii) একক প্রজাতির অধ্যয়ন |
| (d) বাস্তুতান্ত্রিক নিচ্ | (iv) লিন্ডেম্যান |

**বিকল্পসমূহ :**

(A) (a) - (ii), (b) - (i), (c) - (iv), (d) - (iii)

(B) (a) - (iii), (b) - (iv), (c) - (ii), (d) - (i)

(C) (a) - (iv), (b) - (ii), (c) - (iii), (d) - (i)

(D) (a) - (i), (b) - (iii), (c) - (iv), (d) - (ii)



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



27. নীচের কোন্‌গুলি প্রগৌণ (tertiary) খাদক ?

(A) জেব্রা, হাতি (B) সাপ, ভেটকি মাছ

(C) ব্যাঙ, জুপ্ল্যাংকটন (D) একশৃঙ্গ গন্ডার, হরিণ

28. নীচের কোন্‌টি লেন্টিক (স্থির জলের) বাস্তুতন্ত্রের উদাহরণ ?

(A) নদী (B) ঝরনা

(C) পুকুর (D) ছোটো নদী

29. কোনো বাস্তুতন্ত্র থেকে সব বিয়োজক অদৃশ্য হয়ে গেলে প্রথমে কোন্ প্রভাবটি ঘটার সম্ভাবনা সবচেয়ে বেশি ?

(A) পুষ্টি উপাদানের দ্রুত পুনরাবর্তন

(B) মৃত জৈব পদার্থের সঞ্চয়

(C) মাটির উর্বরতা বৃদ্ধি

(D) সালোকসংশ্লেষে বৃদ্ধি

30. অতিরিক্ত রাসায়নিকের ব্যবহারের ফলে একজন কৃষক মাটি থেকে অধিকাংশ কেঁচো ও অণুজীব অপসারণ করেন। এতে কোন্ বাস্তুসংস্থানিক প্রক্রিয়াটি সবচেয়ে সরাসরি প্রভাবিত হবে ?

(A) পুষ্টি উপাদানের পুনরাবর্তন (B) সৌর বিকিরণ

(C) বায়ু চলাচল (D) বৃষ্টিপাত সৃষ্টি



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



31. নীচের কোন্ জোড়টি সঠিক ?

(A) জিম করবেট জাতীয় উদ্যান — গুজরাট

(B) গির জাতীয় উদ্যান — মধ্যপ্রদেশ

(C) পেরিয়ার জাতীয় উদ্যান — কেরালা

(D) জলদাপাড়া জাতীয় উদ্যান — রাজস্থান

32. ভারতবর্ষের পরিবেশে বহিরাগত প্রজাতি কোন্‌টি ?

(A) এশীয় সিংহ

(B) ল্যান্টানা

(C) পলাশ গাছ

(D) শাল গাছ

33. জীববৈচিত্র্য দ্বারা সরবরাহ করা একটি বাস্তুতন্ত্রের পরিসেবা কোন্‌টি ?

(A) বায়ুমণ্ডল সৃষ্টি

(B) পরিপোষকের আবর্তন

(C) সূর্যালোক

(D) নদীর সৃষ্টি

34. বাস্তুতন্ত্রের স্থিতিশীলতা সাধারণত

(A) জীববৈচিত্র্যের সাথে সরাসরি সমানুপাতিক

(B) জীববৈচিত্র্যের সাথে ব্যস্তানুপাতিক

(C) জীববৈচিত্র্যের উপর নির্ভরশীল নয়

(D) উচ্চ জীববৈচিত্র্য দ্বারা নেতিবাচক ভাবে প্রভাবিত



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students | To Buy Notes DM on +91 9907260741 | Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.



35. 'ক্ষতিকর চতুষ্টয়' বলতে কোন্‌টিকে বোঝায় ?

(A) জীববৈচিত্র্য হ্রাসের প্রধান চারটি কারণ

(B) ভারতের চারটি হটস্পট

(C) চারটি প্রধান সংরক্ষণ কৌশল

(D) জীববৈচিত্র্যের চারটি স্তর

36. ভারতীয় একশৃঙ্গ গণ্ডার কোন্‌ রাজ্যের তৃণভূমি ও জলাভূমির সঙ্গে যুক্ত ?

(A) রাজস্থান (B) অসম

(C) লাদাখ (D) তামিলনাড়ু

37. জীববৈচিত্র্য, প্রজাতি বৈচিত্র্য ও প্রজাতি প্রাচুর্যের মধ্যকার সম্পর্ক বোঝানোর জন্য ভেনচিত্রটি হলো

(A) 

(B) 

(C) 

(D) 

38. বহুপ্রজাতির মাছ, মোলাস্ক ও প্রবালসমৃদ্ধ একটি প্রবাল প্রাচীর প্রধানত কোন্‌টি নির্দেশ করে ?

(A) জিনগত বৈচিত্র্য (B) প্রজাতিগত বৈচিত্র্য

(C) বাস্তুতন্ত্রগত বৈচিত্র্য (D) জলবায়ুগত বৈচিত্র্য



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play

Edutips #1 Ed-Tech Platform for Bengali Students
To Buy Notes DM on +91 9907260741
Madhyamik, HS Semester, WBJEE, Exam Preparation, Scholarship, Job & Career Guidance.

**ENVS**

39. জীববৈচিত্র্য হ্রাসের প্রধান কারণ কী ?

(A) দূষণ

(B) জলবায়ু পরিবর্তন

(C) বাসস্থান ধ্বংস

(D) আক্রমণাত্মক প্রজাতি

40. বিশ্ব জুড়ে কতগুলি জীববৈচিত্র্য হটস্পট স্বীকৃত, তার মধ্যে কয়টি ভারতে রয়েছে ?

(A) 25 এবং 2 (B) 44 এবং 4

(C) 36 এবং 4 (D) 50 এবং 5

Edutips



edutips.in মকটেস্ট ও পরীক্ষার সাজেশন পেতে EduTips App Install Now GET IT ON Google Play